

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬

বিষয় : তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার নির্ধারিত ছক অনুযায়ী উল্লিখিত বিষয়সমূহ অবহিতকরণ ও বাস্তবায়ন এর লক্ষ্যে ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০২১।
সময় : বেলা ১১.০০ টা
স্থান : সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি : উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”-তে দেওয়া হলো।

সভার আলোচ্য বিষয়:

১. তথ্য প্রদান সংক্রান্ত বিষয় লিপিবদ্ধ করা।
২. হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশ।
৩. অন্যান্য।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করার জন্য আহ্বান করেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার ছকের বিষয়গুলো জানতে চান। কমিটির সদস্য-সচিব সকল সদস্যদের উপস্থিতিতে বার্ষিক কর্মপরিকল্পনার ছকের বিষয়গুলো তুলে ধরেন। সভাপতি মহোদয় সদস্যদের সাথে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রম	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	তথ্য প্রদান সংক্রান্ত বিষয় লিপিবদ্ধ করা।	বিভিন্ন সময়ে যারা তথ্যের জন্য আবেদন করবেন বা সরাসরি জানতে আসবেন বা টেলিফোনের মাধ্যমে জানতে চাইবেন তাদের নাম ঠিকানা সহ রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নতুন রেজিস্টার খোলা এবং বিস্তারিত রেজিস্টারে লিপিবদ্ধ করা হবে এবং মন্ত্রণালয়ে রিপোর্ট প্রেরণ করতে হবে।	তথ্য প্রদানকারি কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারি কর্মকর্তা।
২	হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশ।	যথাসময়ে হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা। সভায় প্রোগ্রামার বলেন তথ্য পাওয়া মাত্র হালনাগাদ করা হচ্ছে। হালনাগাদকৃত তথ্য প্রশাসন, প্রশিক্ষণ, গবেষণা, অর্থ, রক্ষণ, আইসিটিসহ সকল শাখার কর্মকর্তাগণ ওয়েবসাইটে প্রকাশের জন্য তথ্য প্রেরণ করবেন এবং প্রোগ্রামার সেসব তথ্য ওয়েবসাইটে প্রকাশ করবেন।	নির্ধারিত সময়ে সকল তথ্য ওয়েবসাইটে হালনাগাদ/প্রকাশ করতে হবে।	সকল কর্মকর্তাবৃন্দ ও প্রোগ্রামার।
৩	বার্ষিক প্রতিবেদন প্রকাশ।	আগামি ১৪ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা এবং ওয়েবসাইটে প্রকাশ। গবেষণা কর্মকর্তার কাছ থেকে জানা গেছে বার্ষিক প্রতিবেদনের কাজ চলমান রয়েছে।	বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রকাশ করে তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।	গবেষণা কর্মকর্তা ও প্রোগ্রামার।

Signature

৪	তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি ও সংরক্ষণ।	প্রশাসনিক অর্থাৎ অফিস সংক্রান্ত তথ্যাদি এবং প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়াদিসহ অন্যান্য তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করা ও সংরক্ষণ করা।	শাখা অনুযায়ী তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করবে এবং গ্রন্থাগারে তা সংরক্ষণ করা হবে।	সংশ্লিষ্ট শাখা ও সহকারি গ্রন্থাগারিক।
৫	তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ।	তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য বিস্তারিত আলোচনা হয়।	আগামী ডিসেম্বর ও ফেব্রুয়ারি মাসের মধ্যে ১ টি সেমিনার ও ১ টি কর্মলারার আয়োজন করা হবে।	তথ্য অধিকার আইন সংক্রান্ত কমিটি।
৬	তথ্য অধিকার বিষয়ে প্রশিক্ষণ।	তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	প্রতি তিনমাসে অথবা আগামী জুন ২০২২ এর মধ্যে ৩ টি প্রশিক্ষণের আয়োজন করা হবে।	তথ্য অধিকার আইন সংক্রান্ত কমিটি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ


মো: মুনজুরুল আলম
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
দূরা : ৫৫০৭৯৫৩১

নং : ১৫.৫৫.০০০০.৩০১.২২.২৬৩.২১.৬৬ (৪)

২২ ভাদ্র ১৪২৮
০৫ সেপ্টেম্বর ২০২১

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. পরিচালক (প্রশি:প্রকৌ)/পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)/পরিচালক (প্রশি:অনুষ্ঠান), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
২. সকল কর্মকর্তাবৃন্দ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি।


আইরিন সুলতানা
উপ-পরিচালক (গবেষণা চ: দা:)
ও
তথ্য অধিকার আইন সংক্রান্ত কমিটির
সদস্য-সচিব
দূরা : ৫৫০৭৯৪৪৪

* জন্মবোর্ডের প্রকাশনার অনুরোধ করা হয়েছে।